

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিষয়: জিটিসিএল-এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রমের জুলাই ২০২৩ মাসের অগ্রগতি
পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : মহাব্যবস্থাপক (এইচআর) ও আহ্বায়ক, এপিএ টিম
সভার তারিখ : ৩১-০৭-২০২৩
সভার সময় : ০২:৩০ ঘটিকা
স্থান : কমিটি রুম (লেভেল-৩), জিটিসিএল প্রধান কার্যালয়।


সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' হিসেবে সংযুক্ত।

১.০। আলোচনা:

- ১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২০২২-২০২৩ অর্থ বছরের অর্জন এর স্ব-মূল্যায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জিটিসিএল-এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও এর অর্জনের বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ ও বিস্তারিত আলোচনা করা হয়।
- ১.২। মহাব্যবস্থাপক (ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট) ও সদস্য এপিএ কমিটি সভায় জানান যে, অর্থ বিভাগের ০২-০৭-২০২৩ তারিখের পরিপত্র মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরে ভৌত অবকাঠামো নির্মাণ খাতে অর্থ ব্যয় বন্ধ থাকবে বিধায় এ বিষয়ে কর্মসম্পাদন ক্ষেত্রের ভৌত অবকাঠামো নির্মাণ ও সংস্কার কার্যক্রমের স্থলে পাইপলাইন পথসত্ব ও ভৌত অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম হিসাবে কার্যক্রমের নাম পরিবর্তন করা যেতে পারে। তিনি সভায় আরও অবহিত করেন যে, পাইপলাইন পথসত্ব ও ভৌত অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমের ৩টি কাজের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।
- ১.৩। এ পর্যায়ে ফোকাল পয়েন্ট, এপিএ টিম জিটিসিএল এর নেটওয়ার্কের মাধ্যমে বিতরণ কোম্পানির কাছে গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে জানার জন্য উপ-মহাব্যবস্থাপক, ফ্লো কন্ট্রোল মহোদয়কে অনুরোধ করলে তিনি সভায় জানান যে, বর্তমান হারে গ্যাস সরবরাহ অব্যাহত থাকলে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। তবে বিষয়টি এলএনজি আমদানির পরিমাণের ওপর নির্ভরশীল হওয়ায় সভায় গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা হ্রাস করার বিষয়ে একমত পোষণ করা হয় এবং আগস্ট ২০২৩ মাসের মধ্যে নির্ধারিত ফরমেটে লক্ষ্যমাত্রা সংশোধনের প্রস্তাব এপিএ টিমের ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণের অনুরোধ জানানো হয়।
- ১.৪। উপ-মহাব্যবস্থাপক (অর্থ) রাজস্ব সংগ্রহ কার্যক্রমের অগ্রগতি প্রসঙ্গে সভায় অবহিত করেন যে, হইলিং চার্জ বৃদ্ধি পাওয়ায় এপিএ রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। তবে প্রয়োজন অনুযায়ী লক্ষ্যমাত্রা সংশোধন করা হবে।
- ১.৫। গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ (সিজিএস/সিটিএমএস/টিবিএস/এমএমএস/ডিএস) কাজ সংক্রান্ত পেট্রোবাংলার নির্দেশনার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং সংশ্লিষ্ট ডিভিশন ও ডিপার্টমেন্টসমূহকে এ বিষয়ে অবহিত করা ও সংশ্লিষ্টতা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।
- ১.৬। এপিএ টিমের আহ্বায়ক তাঁর বক্তব্যে সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা, লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনা, অগ্রগতি ও প্রমাণকের বিষয়ে বিস্তারিত আলোচনা ও গুরুত্বারোপ করেন। এসময়ে তিনি সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র এনআইএস ব্যতীত সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে লক্ষ্যমাত্রা পেট্রোবাংলার সাথে আলোচনাপূর্বক চূড়ান্তকরণের নির্দেশনা প্রদান করেন।

২.০। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ২.১। কর্মসম্পাদন ক্ষেত্রের সংশোধিত লক্ষ্যমাত্রা নির্ধারিত ফরমেট অনুযায়ী সংশোধনপূর্বক আগস্ট ২০২৩ মাসের মধ্যে এপিএ টিমের ফোকাল পয়েন্ট বরাবর পৌছাতে হবে;
- ২.২। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের এনআইএস ব্যতীত সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে পেট্রোবাংলার সাথে আলোচনাপূর্বক লক্ষ্যমাত্রা চূড়ান্ত করতে হবে:
- ৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মো. সাইফুল ইসলাম)
মহাব্যবস্থাপক (এইচআর), জিটিসিএল
ও
আহ্বায়ক, এপিএ টিম।

বিভরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। সকল মহাব্যবস্থাপক, জিটিসিএল।
২। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
৩। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।
৪। ফোকাল পয়েন্ট (এপিএ/এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ইনোভেশন/আরটিআই কমিটি), জিটিসিএল।

অনুলিপি:

- ১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, জিটিসিএল।
২। অফিস কপি।